বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপপরিচালক এর কার্যালয়
হোল্ডিং নং- ২২/১, জি-৩, জলিল স্মরণী
বড় বয়রা, খুলনা।
www.brdb.khulna.gov.bd

স্মারক নং-৪৭.৬২.৪৭০০.০০০.৮৫৪.০২.০৪৪৮.২৬.৮৫৩ তারিখ: ১৫/০৯/২০২৬ খ্রি.

বিষয়: ২০২৬-২০২৭ অর্থ বছরের সদাবিক কর্মসূচির সঞ্চয় তহবিল হতে ঋণ বিতরণের প্রস্তাব অনুমোদন।
সূত্র : ডুমুরিয়া উপজেলার এর স্মারক নং-৪৭.৬২.৪৭৩০.০০০.৮৫৪.০২.০০০২.২০.৪০৪, তারিখ: ১৪/০৯/২০২৬ খ্রি.

বর্ণিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্র বর্ণিত পত্র মূলে প্রেরিত প্রস্তাবের প্রেক্ষিতে ডুমুরিয়া উপজেলার সদাবিক ভুক্ত এর নিম্নবর্ণিত দলের সদস্যদের মাঝে বিতরণের জন্য ২০২৬-২০২৭ অর্থ বছরে সঞ্চয় তহবিল হতে পাশে বর্ণিত ঋণের পরিমাণ অনুমোদন দেওয়া হলো।

| ক্রঃ নং | সমিতির নাম | সদস্য সংখ্যা | প্রস্তাবিত ঋণের পরিমাণ | অনুমোদিত ঋণের পরিমাণ | মন্তব্য (বছরে অনুমোদন) |
|---|---|---|---|---|---|
| ০১ | সাহস জয়খালী সদাবিক মহিলা দল | ২৪ জন | ৬,৪০,০০০/- | ৬,০৮,০০০/- | ৬,০৮,০০০/- |
| | মোট= | ২৪ জন | ৬,৪০,০০০/- | ৬,০৮,০০০/- | ৬,০৮,০০০/- |
| কথায়ঃ (ছয় লক্ষ আট হাজার) টাকা | | | | | |

শর্তাবলী:

১. ঋণ অনুমোদনের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিতরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে এই ঋণ অনুমোদন বাতিল বলে গণ্য হবে ;
২. ঋণ প্রদানকারী দল অবশ্যই 'ক' ও 'খ' শ্রেণীভূক্ত হতে হবে এবং দলের খাতাপত্র হালনাগাদ লিখতে হবে। ঋণ গ্রহীতা দলের খাতাপত্র হালনাগাদসহ দলের সাইনবোর্ড আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। দলের সভ্য রেজিস্টারে সংরক্ষিত সভ্য তালিকার সাথে যথাযথভাবে যাচাই করে মিলিয়ে নিতে হবে ;
৩. ঋণের আওতাভুক্ত সদস্যদের কর্তৃক ঋণের বিপরীতে আনুপাতিক হারে ১০% সঞ্চয় জমা ঋণ বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে ;
**৪. ঋণ বিতরণ কালে সদস্যদের স্ব-শরীরে উপস্থিতি পূর্বক ঋণ বিতরণ সনদে স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং সদস্যদের নিজ নিজ ব্যাংক হিসাবে ঋণের অর্থ স্থানান্তর করতে হবে। ব্যাংক এ্যাডভাইসের কপি/ঋণ সনদের কপি সংশ্লিষ্ট ঋণ নথি ও দলে সংরক্ষণ নিশ্চিত সহ ০১ (এক) কপি জেলা দপ্তরে প্রেরণ করতে হবে ;**
৫. বিআরডিবির স্মারক নং-৪৭.৬২.০০০০.৫১২.০২.২৬৬.১৮.১২৫১, তারিখঃ ১৭/০২/২০২২ খ্রি. মূলে জারীকৃত সদাবিক এর সঞ্চয় তহবিল হতে ঋণ বিতরণের নীতিমালা অনুসরণ এবং সর্বোচ্চ সর্তকতা ও স্বচ্ছতা অবলম্বন করতে হবে। ঋণের সেবামূল্যে সরল হারে (Flat rate method) বার্ষিক ১১% হবে। সদাবিকের উডজেলা ঋণ কমিটির সভার রেজুলেশন, সদস্যদের ঋণের আবেদনপত্র, ছবি, পাশবহি এবং দলের রেজুলেশনসহ যাবতীয় রেকর্ডপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
৬. ঋণ গ্রহণে ইচ্ছুক সদস্যগণের ঋণ প্রক্রিয়াকরণের সময় জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত (এআরডিও কর্তৃক) কপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে। ঋণ বিতরণের সময় জাতীয় পরিচয়পত্রের মূল কপির সাথে সদস্যের স্বাক্ষর, ছবি ও অন্যান্য তথ্য মিলিয়ে দেখতে হবে। ঋণ গ্রহীতার নাম ও অন্যান্য তথ্য সভ্য রেজিস্টারের সাথে মিল থাকতে হবে।
**৭. ঋণ আদায়ের ক্ষেত্রে আবশ্যিকভাবে wcs এবং পাশবহি ব্যবহার নিশ্চিত করতে হবে। দলে পরিদর্শনকালে পাশ বহি ও wcs মিল করে পরিদর্শন বহিতে মন্তব্য লিখন এবং ভ্রমণ বিবরণীতে উল্লেখ করতে হবে ;**
৮. ঋণ বিতরণ, আদায় ও পরবর্তীতে জেলা দপ্তরে ঋণ প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে বিআরডিবি কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার/নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
**৯. ইউআরডিও এর সুপারিশে ঋণ অনুমোদন করা হলো। অনুমোদিত ঋণ বিতরণ, আদায় এবং কোন কারণে মেয়াদোত্তীর্ণ হলে বিতরণকৃত কর্মকর্তা হিসেবে ইউআরডিও সহ ঋণ বিতরণের সাথে সংশ্লিষ্ট সকলে ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।**
**১০. সদাবিক এর সঞ্চয় তহবিল হতে ঋণ বিতরণের ক্ষেত্রে ভাল সদস্য এবং ভাল সমিতি নির্বাচন করতে হবে কোন কারণে খেলাপী সমিতি ও খেলাপী সদস্যকে ঋণ বিতরণ করা যাবে না। এর কোন ব্যত্যয় ঘটলে ইউআরডিও সরাসরিভাবে ঋণ বিতরণের জন্য দায়ী থাকবেন।**

১৫.০৯.২০২৬
মোঃ কামরুজ্জামান
উপপরিচালক
ফোন ঃ ০২৪৭৭-৭০০১৬৯
E-mail: ddkhulna@brdb.gov.bd

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ডুমুরিয়া উপজেলা, খুলনা।

অনুলিপি:
১। যুগ্মপরিচালক, বিভাগীয় কার্যালয়, বিআরডিবি, খুলনা বিভাগ, খুলনা।
২। যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প), বিআরডিবি, ঢাকা।